# গাজার বিভিন্ন এলাকায় ইসরায়েলি হামলায় নিহত ২



ছবি: সংগৃহীত

গাজা উপত্যকার বিভিন্ন এলাকায় ইসরায়েলি হামলায় অন্তত দুই ফিলিস্তিনি নিহত হয়েছেন। একই সঙ্গে পৃথক হামলায় আরও বহু মানুষ আহত হয়েছেন। শনিবার (১ আগস্ট) আনাদুলু এজেন্সির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রত্যক্ষদর্শীদের বরাতে প্রতিবেদনে বলা হয়, মধ্য গাজার দেইর আল-বালাহর আবু আরিফ স্ট্রিটে ইসরায়েলি হামলায় আহত হওয়ার পর ৩৩ বছর বয়সী মাহমুদ মোহাম্মদ ফাতায়ের মারা যান। একই সময়ে দেইর আল-বালাহর উত্তর-পূর্বে সালাহ আল-দিন সড়কে আরেক হামলায় নিহত হন ৩৮ বছর বয়সী মোহাম্মদ আবদেল নাসের আল-খাতিব।

স্থানীয় কয়েকটি সূত্র জানিয়েছে, আবু আরিফ স্ট্রিটে একটি ইসরায়েলি ড্রোন বেসামরিক মানুষের ওপর হামলা চালালে দুইজন আহত হন। তাদের মধ্যে একজনের অবস্থা গুরুতর।

অন্যদিকে, আল-আওদা হাসপাতালের তথ্য অনুযায়ী, মধ্য গাজার নুসেইরাত শরণার্থী শিবিরের পূর্ব পাশে একটি আবাসিক ভবনে ইসরায়েলি বিমান হামলায় অন্তত ১০ জন আহত হয়েছেন।

LENS ASIA

সূত্রগুলোর দাবি, ইসরায়েলি গোয়েন্দা সংস্থা ফোনে বাসিন্দাদের এলাকা ছাড়ার সতর্কবার্তা দেওয়ার পর যুদ্ধবিমান দিয়ে বহুতল ভবনটি গুঁড়িয়ে দেওয়া হয়।

এ ছাড়া দেইর আল-বালাহর দক্ষিণে একটি বাড়িতে পৃথক হামলায় কয়েকজন আহত হয়েছেন বলে চিকিৎসকেরা জানিয়েছেন। দক্ষিণ গাজার খান ইউনিস শহরের পশ্চিমে আল-মাসলাহ এলাকায় ড্রোন হামলায়ও কয়েকজন বেসামরিক ফিলিস্তিনি আহত হয়েছেন। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক।

উত্তর গাজা সিটির আল-সাফতাউই মহল্লায় আরেকটি হামলায় অন্তত চারজন ফিলিস্তিনি আহত হওয়ার খবর পাওয়া গেছে।